

মণিপর্ব ৮

ঠিক আছে আমি যে গাছের নীচে ঘুমিয়ে থাকব
সে গাছ সকলকে ছায়া দিক
আমি যে পাখির দিকে মুঞ্চ হয়ে তাকাব
সে সবাইকে প্রাণ ভরে গান শোনাক
আমি যে নদীর সামনে তন্ময় হয়ে ছড়িয়ে থাকব
সে নদী সবাইকে আরেকবার পাগল করে দিক।

কিন্তু একটা কথা,
আমার আদর করা নারীর কোলে কেউ যেন
কখনও মাথা না রাখে
কেউ যেন তার চিবুকে আলতো করে টোকা না দেয়।

মণিপর্ব ৩৭

মেয়েরা কখনও স্বীকার করে না
কেউ তার মাথায় ছাতা ধরে একদিন এগিয়ে দিয়েছিল অনেকটা রাস্তা
একদিন কেউ তাকে আকাশ ছাপিয়ে আরও দূরে ভাসিয়ে নিয়ে গিয়েছিল
কেউ তার কাছে একদিন স্নান করে দিয়েছিল রূপকথার রাজপুত্রদের
মেয়েরা কখনওই কিছু স্বীকার করে না।

তাই পাতাবাহারি গাছে এত চন্দনের মাখামাখি।

সিদ্ধার্থ সিংহ

